দৈনিক ইত্তেফাক

তারিখ 15 JUL 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

147

# জাতীয় শিক্ষানীতি প্রণয়নের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল বুধবার এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা ব্যবস্থার উন্নয়নের স্বার্থে অবিলম্বে একটি জাতীয় শিক্ষানীতি প্রণয়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানাইয়াছে। স্থানীয় একটি রেস্তোরাঁয় আয়োজিত এই সাংবা-

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## জাতীয় শিক্ষানীতি

(১ম পৃঃ পর)

দিক সম্মেলনে ফেডারেশনের সেক্রেটারী জেনারেল কাজী ফারুক আহমেদ লিখিত বক্তব্য পাঠ করেন। ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, আজিজুল হক শাহ, অধ্যক্ষ জহিরুল ইসলাম বক্তব্য রাখেন।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নীতিমালা ব্যতিরেকে বিচ্ছিন্ন ও অপরিকল্পিতভাবে কতিপয় শিক্ষা প্রতিষ্ঠান সরকারীকরণের উদ্যোগ গ্রহণ মানেই জাতীয় সম্পদের অপচয়। সাংবাদিক সম্মেলনে বেসরকারী শিক্ষক কর্মচারীদের ১৫ দফা দাবীর প্রেক্ষিতে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার নির্দেশে গঠীত উচ্চ ক্ষমতা সম্পন্ন কমিটি কর্তৃক প্রণীত সর্বসম্মত নীতিমালার আর্থিক বিষয়গুলি ১৫ই সেপ্টেম্বরের মধ্যে এবং অন্যান্য বিষয়গুলি অবিলম্বে বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানান হয়। আর্থিক বিষয়গুলির মধ্যে উল্লেখযোগ্য হইল ভবিষ্যতে বেতন স্কেল সংশোধিত হইলে স্বয়ংক্রিয়ভাবে বেসরকারী শিক্ষক কর্মচারীগণকেও ইহাতে অন্তর্ভুক্ত করিতে হইবে।

কাজী ফারুক আহমেদ বলেন, শিক্ষা অধিদপ্তরের দুর্নীতি চরম আকার ধারণ করিয়াছে। ভুয়া প্রতিষ্ঠানের নামে কোটি কোটি টাকা আত্মসাতের ঘটনা এখন সকলের নিকট পরিষ্কার। জাতীয় ঐক্যমতের ভিত্তিতে একটি শিক্ষানীতি প্রণীত হইলে অবস্থার উন্নতি হইবে। সাংবাদিক সম্মেলনে অবিলম্বে শিক্ষক কর্মচারীদের কল্যাণ ট্রাস্টের কার্যক্রম চালু করার আহ্বান জানান হয়।